**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-05-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে অপারেশন সিন্দুর কেবল একটি সামরিক অভিযান নয়, বরং ভারতীয় মূল্যবোধ এবং আবেগের প্রকাশ।**

**(২) বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মজয়ন্তী আজ রাজ্যে সর্বত্র যথাযথ মর্যাদায় পালন করা হয়।**

**(৩) এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার আট সদস্যক এক প্রতিনিধিদল আজ কৈলাশহর বিমানবন্দরটি পরিদর্শন করেন।**

**(৪) ত্রিপুরা সহ মিজোরাম, মণিপুর, নাগাল্যান্ড, অরুণাচল প্রদেশে আজ আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করেছে।**

****************************************

**PM, Dahod :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে অপারেশন সিন্দুর কেবল একটি সামরিক অভিযান নয়, বরং ভারতীয় মূল্যবোধ এবং আবেগের প্রকাশ। আজ, ১৪০ বিলিয়ন ভারতীয় ঐক্যবদ্ধ এবং দেশকে একটি বিকশিত ভারত হিসেবে গড়ে তোলার জন্য অক্লান্ত পরিশ্রম করছেন। গুজরাটের দাহোদে এক সমাবেশে ভাষণ দিতে গিয়ে তিনি একথা বলেন। তিনি বলেন যে বর্তমান সময়ের দাবি দেশের অগ্রগতির জন্য যা কিছু প্রয়োজন তা ভারতের মধ্যেই তৈরি করা উচিত। প্রধানমন্ত্রী বলেন যে আজ দেশে আধুনিক যানবাহন চলছে, এবং এর একটি বড় কারণ হল আমাদের দেশ নতুন প্রযুক্তি এবং তরুণ কর্মীবাহিনী তৈরি করেছে। তিনি বলেন আমাদের

বিভিন্ন শিল্প, এমএসএমই এবং ক্ষুদ্র শিল্পগুলি অনেক উচ্চমানের যন্ত্রাংশ তৈরি করে অসাধারণ কাজ করছে যা এখন বিশ্ব বাজারে পৌঁছে যাচ্ছে।

#######Byte-PM######

শ্রী মোদী আরও উল্লেখ করেন যে ২০১৪ সালের আজকের দিনে তিনি প্রথমবারের মতো প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন। প্রধানমন্ত্রী আজ প্রায় ২৪,০০০ কোটি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করেন। এর পাশাপাশি, শ্রী মোদী রেল ও অন্যান্য ক্ষেত্রের সাথে সম্পর্কিত গুজরাট সরকারের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের উদ্বোধনও করেন। গুজরাটে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের আগে প্রধানমন্ত্রী ভদোদরায় একটি রোড শো করেন।

*****************************

**Najrul Jayanti :**

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৬তম জন্মজয়ন্তী আজ রাজ্যে সর্বত্র যথাযথ মর্যাদায় পালন করা হয়। বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে রাজ্যভিত্তিক নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয় তেলিয়ামুড়ার চিত্রাঙ্গদা কলাকেন্দ্রে। উদ্বোধন করেন বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায়। উপস্থিত ছিলেন বিধায়ক পিনাকী দাস চৌধুরী, তেলিয়ামুড়া পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন মধুসূদন রায়, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নির্মল সূত্রধর প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন ও তাঁর জীবনাদর্শ নিয়ে আলোচনা করেন।

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ সকালে আগরতলার নজরুল কলাক্ষেত্রে প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন, বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম রচিত নানা কবিতা, গান, প্রবন্ধ যুবাদের দেশপ্রেমে উজ্জীবিত করে। তাই বর্তমান প্রজন্মকে তাঁর চিন্তা, চেতনা ও আদর্শের পথ অনুসরণ করতে হবে। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের ভারপ্রাপ্ত

সভাধিপতি বিশ্বজিৎ শীল, আগরতলা পুরনিগমের মেয়র ইন কাউন্সিল হিমানী দেববর্মা, কর্পোরেটর সুখময় সাহা, ত্রিপুরা রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে অতিথিবৃন্দ কাজী নজরুল ইসলামের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন।

আগরতলার আর এম এস চৌমুহনীতে A.I.D.S.O-র উদ্যোগে আজ কবি প্রনামের আয়োজন করা হয়।

প্রদেশ কংগ্রেসের উদ্যোগেও আজ কংগ্রেস ভবনে আয়োজিত অনুষ্ঠানে কাজী নজরুল ইসলামের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন ও অন্যান্য নেতৃবৃন্দ।

সোনামুড়ার কবি নজরুল মহাবিদ্যালয়ে আয়োজিত নজরুল জন্মজয়ন্তী অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক কিশোর বর্মন, সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন সারদা চক্রবর্তী, সিপাহীজলা জিলা পরিষদের সদস্যা মীনাক্ষী দাস প্রমুখ।

উদয়পুর রাজর্ষি হলেও আজ যথাযোগ্য মর্যাদায় পালিত হয় নজরুল জয়ন্তী। উদ্বোধন করে গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়। বক্তব্য রাখেন বিধায়ক জিতেন্দ্র মজুমদার, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার প্রমুখ।

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশনের ক্যাম্পাস হলে নজরুল জন্মজয়ন্তী অনুষ্ঠানের উদ্বোধন করেন কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়। বক্তব্য রাখেন, জেলা শিক্ষা আধিকারিক প্রশান্ত কিলিকদার, রাধাকিশোর ইনষ্টিটিউশনের প্রধান শিক্ষক নীতিশ বিশ্বাস প্রমুখ।

জোলাইবাড়ি কমিউনিটি হলে শান্তিরবাজার মহকুমাভিত্তিক নজরুল জন্মজয়ন্তী উদযাপন করা হয়।

*********************************

**AAI Deligation :**

গুয়াহাটি ও আগরতলা থেকে এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়ার আট সদস্যক এক প্রতিনিধিদল  আজ কৈলাশহর বিমানবন্দরটি পরিদর্শন করেন। বিমানবন্দরটি পুনরায় চালু করার বিষয় যাচাই করতে তাঁদের এই সফর। প্রতিনিধিদলের নেতৃত্বে ছিলেন, উত্তর-পূর্বাঞ্চলের আঞ্চলিক কার্যনির্বাহী অধিকর্তা এম রাজাকিশোর। সঙ্গে ছিলেন আগরতলা এম.বি.বি এয়ারপোর্টের অধিকর্তা কে.সি.মীনা, কমিউনিকেশন ইনচার্জ দীনেশ রাম, মুখ্য নিরাপত্তা আধিকারিক এস.কে.রায়, অতিরিক্ত জেলা শাসক এল দারলং, কৈলাশহরের মহকুমা শাসক প্রদীপ সরকার প্রমুখ। প্রতিনিধিদলটি কৈলাশহর বিমানবন্দরের রানওয়ে সহ বিভিন্ন পরিকাঠামোগুলি ঘুরে দেখেন। এয়ারপোর্ট অথরিটি'র পূর্বোত্তরের আঞ্চলিক কার্যনির্বাহী অধিকর্তা এম রাজাকিশোর আকাশবাণীকে জানান, কেন্দ্রীয় সরকারের নির্দেশে ও রাজ্য সরকারের অনুরোধে তাঁদের এই সফর।

*******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**Pakistan's nefarious designs :**

ভারত বিভিন্ন দেশে, সন্ত্রাসবাদের হুমকির বিরুদ্ধে নতুনদিল্লির শূন্য সহনশীলতার বার্তা ছড়িয়ে দিয়ে বিশ্বব্যাপী সন্ত্রাসবাদকে সমর্থন করার জন্য পাকিস্তানের ঘৃণ্য পরিকল্পনা প্রকাশ করে চলেছে। জেডি(ইউ) সাংসদ সঞ্জয় কুমার ঝা'র নেতৃত্বে একটি সর্বদলীয় প্রতিনিধিদল আজ দক্ষিণ কোরিয়ার সিউলে সে দেশের বুদ্ধিজীবীদের সঙ্গে মতবিনিময় করেছে এবং পহেলগাম সন্ত্রাসী হামলার কথা উল্লেখ করে গত ৪০ বছর ধরে সন্ত্রাসবাদকে পৃষ্ঠপোষকতা করা পাকিস্তানের রাষ্ট্রীয় নীতি বলে উল্লেখ করেছে। আরও বলা হয় যে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ, বিশ্বকে সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করার জন্য ঐক্যবদ্ধ হওয়া উচিত। কংগ্রেস সাংসদ শশী থারুরের নেতৃত্বে সর্বদলীয় প্রতিনিধিদল গায়ানার প্রধানমন্ত্রী ব্রিগেডিয়ার (অবসরপ্রাপ্ত) মার্ক অ্যান্থনি ফিলিপসের সঙ্গে দেখা করেন, যেখানে তিনি বার্বিসের অ্যালবিয়ন স্পোর্টস কমপ্লেক্সে গায়ানার ৫৯তম স্বাধীনতা দিবস উদযাপন অনুষ্ঠানে যোগ দেন। শ্রী থারুরের নেতৃত্বে প্রতিনিধিরা গায়ানার উপ-রাষ্ট্রপতি ভারত জগদেও-এর সাথেও দেখা করেন।

বাহরাইন সফরকারী বহুদলীয় প্রতিনিধিদলের সদস্য এআইএমআইএম সাংসদ আসাদুদ্দিন ওয়াইসি বলেন, তারা বাহরাইন সরকারকে জানিয়েছেন যে ভারতকে অস্থিতিশীল করার প্রচেষ্টা সঠিক নয়। তিনি আরও বলেন যে এটি দক্ষিণ এশিয়ার জন্য বা এই অঞ্চলের জন্য ভালো নয়। এনসিপি সাংসদ সুপ্রিয়া সুলের নেতৃত্বে আরেকটি সর্বদলীয় প্রতিনিধিদল কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোহাম্মদ বিন আব্দুল আজিজ আল খুলাইফির সাথে বৈঠক করেছেন এবং পাহলগাম সন্ত্রাসী হামলা, অপারেশন সিন্দুরের পাশাপাশি সন্ত্রাসবাদের বিরুদ্ধে শূন্য-সহনশীলতার জন্য ভারতের জাতীয় ঐক্যমত্য সম্পর্কে ভারতের দৃষ্টিভঙ্গি তুলে ধরেছেন।

সুপ্রিয়া সুলের নেতৃত্বাধীন দলটি সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের কড়া বার্তা নিয়ে দোহায় কাতার শুরা কাউন্সিলের ডেপুটি স্পিকার ডঃ হামদা আল সুলাইতির সাথেও দেখা করেছে। ইতিমধ্যে, ডিএমকে সাংসদ কানিমোঝি করুণানিধির নেতৃত্বে সর্বদলীয় প্রতিনিধিদল স্লোভেনিয়া পৌঁছেছে। ফ্রান্সে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের দৃঢ় এবং স্পষ্ট অবস্থান তুলে ধরতে বিজেপি

সাংসদ রবি শঙ্কর প্রসাদের নেতৃত্বে বিশিষ্ট সংসদ সদস্য এবং একজন বিশিষ্ট প্রাক্তন কূটনীতিকের আরেকটি প্রতিনিধিদল আজ প্যারিসে পৌঁছেছে।

****************************

**Royal Bengal Tigers :**

তিন ব্যাঘ্র শাবকের জন্ম হয়েছে সিপাহীজলা চিড়িয়াখানায়। তাঁদের বয়স এখন ১৫ দিন। চিড়িয়াখানা কর্তৃপক্ষ জানিয়েছেন রয়েল বেঙ্গল টাইগারের ৩টি শাবক ও বাঘিনী সম্পূর্ণ সুস্থ আছে, তাঁদের স্বাস্থ্যের উপর নজর রাখা হচ্ছে। এ নিয়ে আমাদের একটি প্রতিবেদন।

########VC#######

****************************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজকের খেলাটি ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত জম্পুইজলা প্লে সেন্টার ও সবুজ সংঘের খেলা ১-১ গোলে শেষ হয়। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

***********************

**Weather :**

ভারতীয় আবহাওয়া বিভাগ জানিয়েছে, উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলির মধ্যে ত্রিপুরা সহ মিজোরাম, মণিপুর, নাগাল্যান্ড, অরুণাচল প্রদেশে আজ আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করেছে। এই সঙ্গে আসাম ও মেঘালয়ের কিছু অংশেও আজ বর্ষা প্রবেশ করেছে। আগামী তিনদিনের মধ্যে উত্তর-পূর্বাঞ্চলের সমস্ত রাজ্য, পশ্চিমবঙ্গের হিমালয় উপত্যকা ও সিকিমে আনুষ্ঠানিকভাবে বর্ষা প্রবেশ করবে। ২০০৯ সালের পর ১৬ বছর বাদে এই প্রথম নির্ধারিত সময়ের অনেক আগে বর্ষা প্রবেশ করেছে। আবহাওয়া দপ্তর আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা করেছে।

****************************